গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

"উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়"

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০৫.২০.৬৬৬

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩০
২০ আগস্ট ২০২৩

**বিজ্ঞপ্তি**

বিষয় : গবেষণা প্রস্তাবনা আহবান ।

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদপ্তর দেশের দুস্থ, অসহায়, অনগ্রসর, প্রান্তিক, বিধবা ও স্বামী নিগৃহীতা, প্রবীণ, প্রতিবন্ধী, সুবিধাবঞ্চিত এবং আইনের সঙ্গে সংঘাতে জড়িত ও আইনের সংস্পর্শে আসা শিশুদের অধিকার সুরক্ষা ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করছে। সরকার গৃহীত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা ২০৪১ এবং ডেল্টা প্ল্যান ২১০০ এর লক্ষ্য অর্জনে সমাজকল্যাণ মন্ত্রণালয় তথা সমাজসেবা অধিদপ্তর গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে যাচ্ছে। গবেষণার আলোকে সমাজসেবা অধিদপ্তরের পরিচালিত সকল কার্যক্রমের বিশ্লেষণ, কার্যকারিতা মূল্যায়ণ এবং পঠন-পাঠনের মাধ্যমে সেবাগ্রহীতার সেবাকেন্দ্রিক মনোভাব যাচাইকরণের লক্ষ্য নিয়ে সমাজসেবা অধিদপ্তর গবেষণা কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে। নিম্নের উদ্দেশ্যসমূহকে সামনে রেখে সমাজসেবা অধিদপ্তর ২০২৩-২০২৪ অর্থবছরের গবেষণা কাজ শুরু করতে যাচ্ছে।

**গবেষণার উদ্দেশ্যসমূহ:**

(ক) সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের জ্ঞান ও কর্মদক্ষতা বৃদ্ধি করা;
(খ) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন কার্যক্রম সংক্রান্ত বিষয়ে মূল্যায়ন এবং সঠিক ও সময়োপযোগী তথ্য-উপাত্ত (input) সরবরাহ করা; এবং
(গ) গবেষণার ফলাফলের মাধ্যমে প্রাপ্ত সুপারিশসমূহের বাস্তবায়নের মাধ্যমে সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রম ও প্রকল্পসমূহের সেবামান বৃদ্ধি করা।

**গবেষণা কাজে অংশগ্রহণকারী:**

সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও অন্য যে কোন আগ্রহী নাগরিক গবেষণা কাজে অংশ নিতে পারবেন।

**গবেষণার ক্ষেত্র:**

ক) সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের পেশাগত জ্ঞানের যাচাই ও উন্নয়ন;
(খ) সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাগণের ক্যারিয়ার প্ল্যানিং;
(গ) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত কার্যক্রমসমূহের সেবামান বৃদ্ধি ও মূল্যায়ন **(৫৪টি কার্যক্রম), (কপি সংযুক্ত);**
(ঘ) সমাজসেবা অধিদপ্তরের প্রকল্পসমূহের সেবামান বৃদ্ধি ও মূল্যায়ন;
(ঙ) সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সকল প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রমের মূল্যায়ন ও সেবামান বৃদ্ধি; এবং
(চ) সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের পেশাগত দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ কার্যক্রম।
(ছ) সেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নের জন্য নির্ধারিত ক্ষেত্রসমূহ **(৩৯টি) (কপি সংযুক্ত)**।

অর্থাৎ সমাজসেবা অধিদপ্তরের প্রদত্ত যে কোন সেবা, কার্যক্রম, কর্মসূচি, প্রকল্প, প্রশাসনিক কাঠামো বিষয়ে গবেষণার প্রস্তাবনা দাখিল করা যাবে। অধিদপ্তরসহ সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য www.dss.gov.bd, www.msw.gov.bd ভিজিট করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**গবেষণা প্রস্তাবের বিষয়সমূহ:**

(ক) গবেষণার শিরোনাম (Title of The Research)
(খ) ভূমিকা (Introduction)
(গ) সমস্যা চিহ্নিতকরণ (Identification of Problem / Statement of the Problem)
(ঘ) গবেষণার যৌক্তিকতা (Rationale of the Study)
(ঙ) গবেষণার প্রশ্ন (Research Questions)
(চ) গবেষণার উদ্দেশ্য (Objectives of Research)
(ছ) গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণসহ) (Methods of the Study)
(জ) গবেষণার মানদন্ড (Ethical Consideration)
(ঝ) গবেষণার উপকারভোগী (Beneficiaries of Research)
(ঞ) গবেষণার পরিধি (Scope of Research)
(ট) প্রত্যাশিত ফলাফল (Expected Results)
(ঠ) কর্মপরিকল্পনা ও সময়সীমা (Action Plan and Time Frame)
(ড) কর্মএলাকা (Working Area)
(ঢ) উপাত্তের উৎস (Sources Of Data)
(ণ) গবেষক দলের নাম ও পরিচিতি (Name and Introduction of the research team)
(ত) প্রস্তাবিত বাজেট (Proposed Budget) এবং
(থ) গ্রন্থপঞ্জী (Bibliography/ References)

**গবেষণা বাজেট:**

গবেষণা কার্যক্রমের বাজেট ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত ও ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা উর্ধ্ব ২টি শ্রেণিতে বিভক্ত।

**গবেষণা প্রস্তাবনা দাখিল:**

১. পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা ও আহবায়ক, গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটি বরাবরে গবেষণার প্রস্তাবনা সরাসরি / ডাকযোগে/ ইমেইল (dd.pub@dss.gov.bd) মাধ্যমে বাংলা ও ইংরেজি ভাষায় পৃথকভাবে ০২ (দুই) সেট দাখিল করবেন।
২. গবেষণা প্রস্তাবনা দাখিলের সর্বশেষ সময়সীমা: ১৪ সেপ্টেম্বর ২০২৩ অফিস চলাকালীন অর্থাৎ বিকাল ৪টা ।
৩. এই গবেষণা কাজ সমাজসেবা অধিদপ্তরের গবেষণা নীতিমালা, ২০২২ দ্বারা নিয়ন্ত্রিত হবে যা সমাজসেবা অধিদপ্তরের তথ্য বাতায়ন (www.dss.gov.bd) এর গবেষণা ও প্রকাশনা মেন্যুতে আপলোড করা আছে।
৪. একজন গবেষক ও সহযোগী গবেষক একাধিক গবেষণা প্রস্তাব দাখিল করবেন না।
৫. একই অর্থবছরে সমাজসেবা অধিদপ্তরের অধিনস্ত কোন প্রতিষ্ঠানে গবেষণা কাজ পরিচালনা করে থাকলে তিনি গবেষণা প্রস্তাবনা দাখিল করবেন না।
৬. কোন গবেষক সমাজসেবা অধিদপ্তরে যে অর্থবছর গবেষণা কাজ পরিচালনা করছেন তার পরবর্তী ২ (দুই) অর্থবছর গবেষণা প্রস্তাবনা দাখিল করবেন না।

**বিশেষ প্রয়োজনে যোগাযোগ:**
আদিল মোস্তাকীন, উপপরিচালক গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা ও সদস্য সচিব, গবেষণা মূল্যায়ন ও ব্যবস্থাপনা কমিটি মোবাইল : ০১৭১১৭৩৩৯৯১, ই-মেইল : (dd.pub@dss.gov.bd)।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: +৮৮০২৪৮১২১১৩৯
ই-মেইল: director-admin@dss.gov.bd

অনুলিপি বিতরণ (জ্ঞাতার্থ ও কার্যার্থ): (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় (সকল).................................।
০৪. একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৮. অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একডেমি/জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, ঢাকা।
০৯. উপপরিচালক/সমমান (সকল)........................।
১০. উপপরিচালক, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (সকল)...........................।
১১. তত্ত্বাবধায়ক/উপতত্ত্বাবধায়ক, শিশু পরিবার/শিশু উন্নয়ন কেন্দ্র/সরকারি আশ্রয়কেন্দ্র/দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র.........................................।
১২. সহকারী পরিচালক/সমমান (সকল).............................................।
১৩. সমাজসেবা অফিসার/সমমান (সকল)..................................।
১৪. জনাব/বেগম........................................................................।
১৫. ..............................................................................................।

# সমাজসেবা অধিদপ্তর পরিচালিত ৫৪টি কার্যক্রম/কর্মসূচির তালিকা

| ক্রম | কার্যক্রম |
|---|---|
| ১ | বয়স্ক ভাতা কার্যক্রম |
| ২ | বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা কার্যক্রম |
| ৩ | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম |
| ৪ | প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি কার্যক্রম |
| ৫ | ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগীদের আর্থিক সহায়তা |
| ৬ | চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি |
| ৭ | হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি |
| ৮ | বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি |
| ৯ | অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি |
| ১০ | ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত ব্যক্তিদের বিকল্প কর্মসংস্থান |
| ১১ | ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারী এতিমখানা |
| ১২ | সরকারি শিশু পরিবার |
| ১৩ | স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধন কার্যক্রম |
| ১৪ | শহর সমাজসেবা কার্যক্রম (ইউসিডি) |
| ১৫ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম |
| ১৬ | পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস) |
| ১৭ | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম |
| ১৮ | পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) |
| ১৯ | প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি |
| ২০ | আশ্রয়ণ প্রকল্প |
| ২১ | প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন |
| ২২ | হাসপাতাল সমাজসেবা কার্যক্রম |
| ২৩ | প্রবেশন ও আফটার কেয়ার কার্যক্রম |
| ২৪ | আর্থ-সামাজিক প্রশিক্ষণ কেন্দ্র |
| ২৫ | প্রাক-বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র |
| ২৬ | জাতীয় সমাজসেবা একাডেমি |
| ২৭ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র |
| ২৮ | চাইল্ড সেন্সিটিভ সোশ্যাল প্রোটেকশন ইন বাংলাদেশ (সিএসপিবি) |
| ২৯ | শিশুর সহায়তায় ফোন ১০৯৮ |
| ৩০ | শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র |
| ৩১ | সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম |
| ৩২ | সরকারি দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয় |
| ৩৩ | সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধীদের বিদ্যালয় |
| ৩৪ | জাতীয় দৃষ্টি প্রতিবন্ধী প্রশিক্ষণ ও পূনর্বাসন কেন্দ্র (টি,আর,সি,বি) |
| ৩৫ | শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (ইআরসিপিএইচ) |

| ক্রম | কার্যক্রম |
|---|---|
| ৩৬ | শিশু উন্নয়ন কেন্দ্র |
| ৩৭ | সরকারি আশ্রয় কেন্দ্র |
| ৩৮ | দুঃস্থ শিশুদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র |
| ৩৯ | শারীরিক প্রতিবন্ধীদের গ্রামীণ পুনর্বাসন উপকেন্দ্র (আরআরসি) |
| ৪০ | ব্রেইল প্রেস |
| ৪১ | কৃত্রিম অঙ্গ উৎপাদন কেন্দ্র |
| ৪২ | ছোটমনি নিবাস |
| ৪৩ | দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র |
| ৪৪ | জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র |
| ৪৫ | মানসিক প্রতিবন্ধী শিশুদের প্রতিষ্ঠান |
| ৪৬ | মহিলা ও শিশু কিশোরী হেফাজতিদের নিরাপদ আবাসন কেন্দ্র |
| ৪৭ | এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র |
| ৪৮ | সামাজিক প্রতিবন্ধী মেয়েদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র |
| ৪৯ | রোহিঙ্গা শিশু সুরক্ষা পুনর্বাসন কার্যক্রম |
| ৫০ | Cash Transfer Modernization (CTM) প্রকল্প |
| ৫১ | মেধাবৃত্তি |
| ৫২ | উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়ন কার্যক্রম |
| ৫৩ | সরকারি ও বেসরকারি যৌথ উদ্যোগে পরিচালিত সমাপ্ত প্রকল্পের আওতায় ৩৭টি হাসপাতাল/সংস্থা থেকে ৩০% গরীব রোগীকে বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান |
| ৫৪ | সরকারি শিশু পরিবারের অভ্যন্তরে প্রবীণদের জন্য শান্তি নিবাস |

২০।০৮।২৩

মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

২০।৮।২৩

আদিল মোত্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

তফশিল {ধারা ২ (৭) দ্রষ্টব্য}

(০১) শিশু অধিকার সুরক্ষা ও উন্নয়ন;
(০২) প্রতিবন্ধী ব্যক্তি, হিজড়া, বেদে, অনগ্রসর জনগোষ্ঠী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ব্যক্তিদের অধিকার সুরক্ষা ও উন্নয়ন;
(০৩) প্রতিবন্ধীতা বিষয়ে বিশেষ বিদ্যালয় প্রতিষ্ঠা;
(০৪) নারী অধিকার সুরক্ষা, জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন;
(০৫) প্রবীণ অধিকার সুরক্ষা ও পুনর্বাসন;
(০৬) আইনের সংস্পর্শে আসা শিশু এবং আইনের সংঘাতে আসা শিশুদের কল্যাণ ও উন্নয়ন;
(০৭) যুবকল্যাণ ও উন্নয়ন;
(০৮) কারামুক্ত কয়েদিদের উন্নয়ন ও পুনর্বাসন;
(০৯) ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তিদের উন্নয়ন ও পুনর্বাসন;
(১০) মানুষের জন্য সুস্বাস্থ্য, রোগীকল্যাণ ও পুনর্বাসন;
(১১) অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুণগত শিক্ষা এবং জীবনব্যাপী শিক্ষালাভের সুযোগ সৃষ্টি;
(১২) পরিবারকল্যাণ ও উন্নয়ন;
(১৩) দুর্যোগ প্রস্তুতি এবং ব্যবস্থাপনা;
(১৪) স্বাস্থ্য শিক্ষা/স্বাস্থ্যসেবা/স্বাস্থ্য গবেষণা;
(১৫) পরিবেশ সংরক্ষণ ও পুনরুদ্ধার, সামাজিক বনায়ন এবং বনায়ন;
(১৬) পাঠাগার, সাংস্কৃতিক এবং বিনোদনমূলক কর্মকান্ডের সৃজন বা উন্নয়ন;
(১৭) সামাজিক শিক্ষা, বয়স্ক শিক্ষা;
(১৮) মাদকাসক্ত ব্যক্তির চিকিৎসা ও পুনর্বাসন;
(১৯) প্রান্তিক অনগ্রসর ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী বা জনসমষ্টির উন্নয়ন ও পুনর্বাসন;
(২০) আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে পশুপালন/হাঁস-মুরগী পালন/মৎস্য চাষ/মৌমাছি চাষ/রেশম চাষ ইত্যাদি;
(২১) সামাজিক ও জনসংগঠন;
(২২) কৃষি সম্প্রসারণ ও কৃষক উন্নয়ন;
(২৩) ভূমি সংরক্ষণ ও উন্নয়ন;
(২৪) সংবিধান ও আইন স্বীকৃত অধিকারসমূহের সংরক্ষণ এবং উন্নয়ন;
(২৫) আইনগত শিক্ষা ও সহায়তা;
(২৬) গণতান্ত্রিক মূল্যবোধ সম্পর্কে সচেতনতা সৃষ্টি এবং নির্বাচন পর্যবেক্ষণ;
(২৭) সমাজকল্যাণ সম্পর্কিত বিভিন্ন বিষয়ে এ্যাডভোকেসি;
(২৮) সমাজকল্যাণ কার্যে প্রশিক্ষণ ও সামাজিক গবেষনা, সমাজ উন্নয়ন মূলক কার্যক্রম;
(২৯) যৌতুক ও বাল্য বিবাহ নিরোধ;
(৩০) মানব পাচার প্রতিরোধ, প্রতিকার ও পাচার হইতে উদ্ধারকৃতদের পুনর্বাসন;
(৩১) সড়ক ও শিল্প দুর্ঘটনায় আহত ও যে-কোনো ধরনের দগ্ধ ব্যক্তিদের পুনর্বাসন;
(৩২) বিপদগ্রস্ত প্রবাসীদের উন্নয়ন ও পুনর্বাসন;
(৩৩) সামাজিকভাবে বিপথগামী ব্যক্তিদের সংশোধন ও পুনর্বাসন;
(৩৪) শান্তি ও ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং সামাজিক অনাচার দূরীকরণ;
(৩৫) ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান অর্জন এবং টেকসই পুষ্টির প্রসার;
(৩৬) টেকসই উন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
(৩৭) অভিঘাত সহনশীল ও অন্তর্ভুক্তিমূলক অবকাঠামো নির্মাণ অ্যাডভোকেসি;
(৩৮) দক্ষতা উন্নয়ন, শিক্ষানবিশি, তথ্যপ্রযুক্তি, জবাবদিহি এবং ইন্টানশিপ প্রশিক্ষণ; এবং
(৩৯) সমাজকল্যাণ সংস্থাসমূহের মধ্যে সমন্বয় সাধন।

২০/০৮/২৩
মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

২০/৮/২০২৩
আদিল মোত্তাকীন
উপপরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।